অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পুনর্গঠিত গ্রেটার বিংহামটন বিমানবন্দরের ভার্চুয়াল সফরের উদ্বোধন করেন

গভর্নরের 230 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ এবং পুনরুজ্জীবন প্রতিযোগিতা থেকে প্রকল্পকে 32 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে

চলমান আধুনিকায়ন প্রকল্পের অংশ হিসেবে পরিকল্পিত মুখ্য উন্নয়নকাজের প্রথম ঝলক ফ্লাই-থ্রু ভিডিওতে দেখা যাবে

ভিডিওর রেন্ডারিং এখানে দেখা যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি নতুন ফ্লাই-থ্রু ভিডিও তরজমা উন্মোচন করলেন যা দর্শকদের জন্য পুনর্গঠিত গ্রেটার বিংহামটন বিমানবন্দরের (Greater Binghamton Airport) প্রথম ঝলক অফার করে। আড়াই মিনিটের ভিডিওটিতে গ্রেটার বিংহামটন বিমানবন্দরের জন্য পরিকল্পিত মুখ্য আপগ্রেডগুলিকে চিত্রিত করা হয়েছে। নভেম্বরে গভর্নরের ঘোষণা করা, 230 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতা (Upstate Airport Economic Development and Revitalization Competition) থেকে পাওয়া 32 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা প্রকল্পটির অর্থায়ন করা হবে। বিমানবন্দরের পরামর্শদাতাদের দ্বারা তৈরি ভিডিওটি দেখার জন্য এখানে উপলব্ধ।

"আমাদের আপস্টেট বিমানবন্দরসমূহ হলো তাদের স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য অপরিহার্য প্রবেশদ্বার এবং সেগুলি যেন আবাসিক এবং সেইসাথে ভিজিটরদের এজকটি সহজ এবং উপভোগ্য অভ্যর্থনা জানাতে পারে তা নিশ্চিত করতে আমরা সম্ভাব্য সকল কিছু করছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই নতুন ভিডিও তরজমা গ্রেটার বিংহামটন বিমানবন্দরে যে নাটকীয় রূপান্তর ঘটছে তা দেখায়। যাত্রীদের এখন সেই আপগ্রেডগুলি দেখার ক্ষমতা রয়েছে যা এই বিমানবন্দরটিকে নিউ ইয়র্কের সাউদার্ন টিয়ারের অফার করার মতো যা রয়েছে তার সবকিছুর জন্য সফররত সকলকে আদর্শ ভাবে স্বাগত জানাবে।"

2022 সালে গভর্নর হোকল ঘোষণা করেছিলেন আপস্টেট এয়ারপোর্ট ইকোনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড রিভাইটালাইজেশন কম্পিটিশন (Upstate Airport Economic Development and Revitalization Competition) তহবিলের সর্বশেষ রাউন্ডে মোট 230 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা নয়টির মধ্যে গ্রেটার বিংহামটন বিমানবন্দর অন্যতম। এই অর্থদানের

উদ্দেশ্য হলো একবিংশ শতাব্দীর বিমানবন্দর তৈরিতে সাহায্য করার জন্য আপস্টেট বাণিজ্যিক যাত্রী সেবা বিমানবন্দরের প্রচার, পুনরুজ্জীবন, এবং বিনিয়োগ ত্বরান্বিত করা।

1945 সালে নির্মিত বৃহত্তর বিংহ্যামটন বিমানবন্দরটি প্রতি বছর 38,000 এরও বেশি এনপ্লেনমেন্ট পরিচালনা করে এবং ডেল্টা এয়ারলাইন্সের (Delta Airlines) মতো বাণিজ্যিক ক্যারিয়ারের মাধ্যমে পরিষেবা দেওয়া হয়। বিমানবন্দরটি বিশিষ্ট স্থানীয় নেতৃবৃন্দের জন্য একটি অত্যাবশ্যকীয় যাতায়াতের কেন্দ্র, কিন্তু দুই দশকের বেশি সময় ধরে মূল টার্মিনালটির সংস্কার করা হয়নি এবং এর ব্যবস্থাসমূহ সেকেলে হয়ে গেছে।

অভ্যন্তরীণ এবং বাহ্যিক উভয় উন্নয়নে মূল নির্মাণকাজ চলছে, যার মধ্যে রয়েছে:

- এয়ারপোর্ট রোড অ্যাপ্রোচের পুনর্নির্মাণ
- একটি নতুন ক্যানোপি ও এন্ট্রি পোর্টাল নির্মাণ
- টিকিটিং লবি ও আউটবাউন্ড লাগেজ এলাকা সংস্কার করা
- ডিপার্চার লবি ও লাউঞ্জ সংস্কার
- ব্যাগেজ ক্লেইম এরিয়া সংস্কার এবং ভাড়া গাড়ির কাউন্টারসমূহ স্থানান্তর
- নতুন পার্কিং রাজস্ব নিয়ন্ত্রণ ব্যবস্থা
- জিওথার্মাল ওয়েল ইনস্টলেশন

গ্রেটার বিংহামটন বিমানবন্দরের পুনরুজ্জীবনের জন্য আনুমানিক মোট খরচ 53.9 মিলিয়ন মার্কিন ডলার এবং অবকাঠামো বিনিয়োগ এবং কর্মসংস্থান আইনের (Infrastructure Investment and Jobs Act, IIJA) বিমানবন্দর টার্মিনাল কর্মসূচি (Airport Terminal Program) থেকে প্রদত্ত 14.8 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল দ্বারা উপকৃত হয়েছে। এই আধুনিকীকরণ প্রকল্প 600-রও বেশি কর্মসংস্থান তৈরি করবে এবং 2025 সালের বসন্তকালের মধ্যে শেষ হবে বলে অনুমান করা হচ্ছে।

আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতাটি পরিচালনা করে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (New York State Department of Transportation, NYSDOT) এবং এটি আপস্টেটের বাণিজ্যিক যাত্রী সেবার বিমানবন্দরসমূহ এবং বাণিজ্যিক আকাশযান বিশেষ সেবা প্রদানকারী বিমানবন্দরসমূহের জন্য উন্মুক্ত রয়েছে। একবিংশ শতাব্দীর চাহিদা পূরণ করতে সাহায্য করার জন্য একটি একক প্রকল্প বা কয়েকটি প্রকল্পের কর্মসূচির তহবিলের জন্য আবেদন করে আবেদনকারীদের উৎসাহিত করা যাচ্ছে। যোগ্য বিমানবন্দরসমূহের জমাকৃত প্রকল্পসমূহের পর্যালোচনা করা হয়েছে পূর্বে স্থাপিত নির্ণায়কের উপর ভিত্তি করে, যার মধ্যে রয়েছে বিমানবন্দর এলাকার নকশা, যাত্রী সুবিধা এবং অভিজ্ঞতা, পরিচালনামূলক দক্ষতা এবং অর্থনৈতিক কার্যকারিতা, কিন্তু যা এর মধ্যে সীমাবদ্ধ নয়।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তরের (New York State Department of Transportation) কমিশনার ম্যারি থেরেস ডমিঙ্গুয়েজ বলেন, "আপস্টেট বিমানবন্দরগুলিতে গভর্নর হোকলের অভূতপূর্ব বিনিয়োগ নিউইয়র্ক স্টেটের প্রতিটি অঞ্চলে সম্প্রদায়ের অর্থনৈতিক উন্নয়নের প্রতি তার অঙ্গীকারকে প্রতিফলিত করে। গ্রেটার বিংহামটন বিমানবন্দরে চলমান এই ~~উন্নয়নগুলি যাত্রীদের বিমানবন্দরে প্রবেশ করতে এবং সাউদার্ন টিয়ারের সৌন্দর্যের সুবিধা নিতে আরও উপভোগ্য অভিজ্ঞতা তৈরি করবে – যা সহজেই এই নতুন ভিডিওতে দেখা যায়।"~~

স্টেট সিনেটর লিয়া ওয়েব বলেছেন, "গ্রেটার বিংহামটন বিমানবন্দর আমাদের অঞ্চলে অর্থনৈতিক ও সম্প্রদায়ের উন্নয়নের একটি মূল সংস্থান। বিমানবন্দরে নির্মাণ প্রকল্পগুলি আমাদের অঞ্চলের অবকাঠামোকে উন্নত করবে, যা ভ্রমণকে আরও দক্ষ, অ্যাক্সেসযোগ্য করে তুলবে এবং আরও পরিষেবাগুলিকে সমর্থন করবে যা আমাদের স্থানীয় অর্থনীতিকে চাঙা করবে। আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক উন্নয়ন ও পুনরুজ্জীবন প্রতিযোগিতার অংশ হিসেবে থেকে 32 মিলিয়ন মার্কিন বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকলকে আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাতে চাই। এই পরিকল্পিত আপগ্রেডগুলি নিশ্চিত করে যে আমাদের বিমানবন্দরটি এই অঞ্চলের বাসিন্দাদের, দর্শনার্থীদের এবং ব্যবসার ভবিষ্যতের চাহিদা মেটাতে প্রস্তুত।"

অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপারডো বলেন, "গ্রেটার বিংহামটন বিমানবন্দরে কী হতে চলেছে তার এই ভার্চুয়াল সফরের ব্যবস্থা করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। নভেম্বর থেকে নির্মাণ কাজ চলছে যা আমাদের বিমানবন্দরকে নতুন বাহক এবং যাত্রীদের আকর্ষণ করার জন্য ডিজাইন করা একটি আধুনিক প্রবেশদ্বারে রূপান্তরিত করবে। পরের বছর এটি সম্পূর্ণ হওয়া দেখার জন্য আমরা অধীর আগ্রহে অপেক্ষা করব।"

ব্রুম কাউন্টি এক্সিকিউটিভ জেসন গার্নার বলেছেন, "গ্রেটার বিংহামটন বিমানবন্দরে এই মুখ্য আপগ্রেডগুলি একটি আধুনিক, বিশ্ব-মানের প্রবেশদ্বার তৈরি করছে যা আগামী বছরপগুলির জন্য ব্রুম কাউন্টিতে দর্শকদের স্বাগত জানাবে। নতুন ভিডিও তরজমা চলমান অবিশ্বাস্য রূপান্তরের এমন একটি বিস্ময়কর ঝলক দেখায় যা আপনি আগে থেকে জানতেন না। ব্রুম কাউন্টি অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসাবে রয়ে গেছে তা নিশ্চিত করে, এই রূপান্তরকে সম্ভব করার জন্য গভর্নর হোকলকে তার অব্যাহত সমর্থন এবং প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ।"

পরিবহন দপ্তর সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তরের লক্ষ্য হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায্য এবং প্রাণবন্ত পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে। জীবনের ঝুঁকি নেবেন না; ধীরে চলুন এবং হাইওয়ে কর্মীদের জন্য জায়গা করে দিন। আরো তথ্যের জন্য, আমাদেরকে ফেসবুকে খুঁজে নিন, X এ বা ইনস্টাগ্রামে ফলো করুন, অথবা DOT এর ওয়েবসাইট ভিজিট করুন। সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন